

APR. 09 2002

দৈনিক সংবাদ

তারিখ
পৃষ্ঠা ১২ কসাম

এইউবির প্রথম সমাবর্তনে রাষ্ট্রপতি নৈতিক মানবর্জিত শিক্ষা কোন মঙ্গল বয়ে আনতে পারে না

রাষ্ট্রপতি অধ্যাপক এফিউএম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, উচ্চ নৈতিক মানবর্জিত যে শিক্ষা তা সমাজের জন্য যেমন কোন মঙ্গল বয়ে আনে না। তাই তিনি জাতি ও সুনামগরিক গড়ে তুলতে শিক্ষার উচ্চতর পর্যায়ে মূল্যবোধকে সম্পৃক্ত করার ওপর গুরুত্বারোপ করেছেন।

রাষ্ট্রপতি চৌধুরী সোমবার ঢাকায় এশিয়ান ইউনিভার্সিটি অফ বাংলাদেশের (এইউবি) প্রথম সমাবর্তন উপলক্ষে দেয়া ভাষণে বলেন, নৈতিক মূল্যবোধের অবনয়নের প্রেক্ষাপটে উচ্চতর শিক্ষা কর্মসূচিতে মূল্যবোধ, সত্যতা, চারিত্রিক গুণগততা, দেশপ্রেম ও সুন্দর জীবনযাপনের মতো বিষয়গুলো সম্পৃক্ত করার ব্যাপারে গুরুত্বারোপের চেষ্টা করা উচিত। বাসস।

ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত সমাবর্তন উৎসবে সভাপতিত্ব করেন এইউবির উপাচার্য ড. আবুল হাসান এম. সাদেক। অনুষ্ঠানে আরও ভাষণ দেন শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী এএনএম তহমাদুল হক এবং ইউনিভার্সিটি অফ ওয়েস্টার্ন সিডনির উপ-উপাচার্য প্রফেসর ডেভিড সি. নান।

শিক্ষার ক্ষেত্রে নৈতিক মূল্যবোধের ওপর গুরুত্বারোপ করতে গিয়ে রাষ্ট্রপতি এ

অভিমত ব্যক্ত করেন যে, উচ্চ নৈতিক মানবর্জিত যে শিক্ষা তা সমাজের জন্য কার্যত যেমন কোনও মঙ্গল বয়ে আনে না। এশিয়ান ইউনিভার্সিটি অফ বাংলাদেশ যে তাদের শিক্ষা কার্যক্রম পরিচালনার ক্ষেত্রে নৈতিক মূল্যবোধের প্রতি গুরুত্বারোপ করছে, সেটা জানতে পেরে রাষ্ট্রপতি সন্তোষ প্রকাশ করেন।

শিক্ষাকে মানবিক সাফল্যের 'শক্তিশালী গুণ্ড' বলে অভিহিত করে রাষ্ট্রপতি চৌধুরী আরও বলেন, শিক্ষা ছাড়া কোনও ব্যক্তি বা কোনও জাতি কোনও কিছুই অর্জন করতে পারে না। তিনি বলেন, শিক্ষা মানুষের আত্মাকে আলোকিত এবং একটি ভিত্তিকে সঠিক পথে পরিচালিত করে থাকে। লক্ষ্য বিশেষকে জ্ঞানসমৃদ্ধ এবং মানব সভ্যতাকে সৌধমণ্ডিত করে থাকে। তিনি বলেন, প্রবল প্রতিযোগিতামূলক বিশ্বে সাফল্য অর্জন করতে হলে আমাদের ভবিষ্যৎ নাগরিকদের মানসম্পন্ন শিক্ষার ব্যবস্থা করতে হবে।